

## দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্টদের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:

সভাপতি	: আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহী
সভার স্থান	: সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
সভার তারিখ	: ১৯.০৬.২০২২ খ্রি.
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সবাইকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দুর্নীতি প্রতিরোধে অংশগ্রহণে সভার আয়োজন করার জন্য বলা হয়েছে।

সভাপতি কর্তৃক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেতন থাকার অনুরোধ জানানো হয়। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত ত্রৈমাসিক ভিত্তিতে দুর্নীতি প্রতিরোধে অংশগ্রহণে সভা আহবান এবং মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হয়। এছাড়াও সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচক নিয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সভা, প্রতিরোধ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সমাবেশ বাস্তবায়ন, নৈতিকতা ও মূল্যবোধ বৃদ্ধির জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
০২.	দুর্নীতি প্রতিরোধে সকলকে সচেতন করার লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত লিফলেট, ব্যানার এর ব্যবস্থা গ্রহণসহ বিভিন্ন জন সমাগম স্থানে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত জনসচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, রাজশাহী ৩. উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী
০৩.	আগামী প্রজন্মকে দুর্নীতি মুক্ত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতি প্রতিরোধমূলক সভা/সেমিনার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী ২. অধ্যক্ষ, সকল কলেজ, রাজশাহী ৩. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
আব্দুল জলিল  
জেলা প্রশাসক  
রাজশাহী


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী  
(সাধারণ শাখা)  
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৭.০১২.(অংশ-১)২২. ৭৫৩

তারিখ: ৬০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
২৪ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
৫. অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি), রাজশাহী
৬. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
৭. অধ্যক্ষ (সকল), ..... কলেজ, রাজশাহী
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল),....., রাজশাহী
৯. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, রাজশাহী
১০. উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী
১১. ....
- .....
- .....

  
২৪/০৭/২২

কল্যাণ চৌধুরী

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
রাজশাহী

ফোন নং-০২৫৮৮৮-৫৭৩৬২ (অফিস)  
email: adcgrajshahi@mopa.gov.bd